২৬৫ টাকা দরে নর্দান জুটের শেয়ার বিক্রি করেছে আইডিবি

নর্দান জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড থেকে সম্পূর্ণ বিনিয়োগ প্রত্যাহার করে নিয়েছে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (আইডিবি)। সম্প্রতি তাদের কাছে থাকা নর্দান জুটের ৩০ শতাংশ শেয়ার বিক্রি করে দিয়েছে আইডিবি। দ্বিপক্ষীয় চুক্তির মাধ্যমে আইডিবির কাস্টডিয়ানের কাছ থেকে স্থানীয় একটি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানির কাছে ২৬৫ টাকা দরে নর্দান জুটের শেয়ারগুলো স্থানান্তর করা হয়। পরবর্তীতে অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিটি শেয়ারগুলো বাজারে বিক্রি করে দিয়েছে। স্থানীয় কিছু প্রতিষ্ঠান ও ব্যক্তিশ্রেণীর বিনিয়োগকারী এ শেয়ার কিনেছেন বলে জানা গেছে। জানা যায়, ইকুইটি সাপোর্টের অংশ হিসেবে আশির দশকে নর্দান জুটে বিনিয়োগ করেছিল আইডিবি। তিন দশকেরও বেশি সময় ধরে কোম্পানিটির সঙ্গে থাকার পর গত বছরের ডিসেম্বরে ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) পাঠানো এক চিঠিতে নর্দান জুটের পর্ষদ থেকে ঐচ্ছিকভাবে পদত্যাগের কথা জানায় বিদেশী প্রতিষ্ঠানটি। এর পর চলতি বছরের ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে আইডিবির পর্ষদ ত্যাগের পরিকল্পনা অনুমোদন করে নর্দান জুটের পর্ষদ। পর্ষদ থেকে পদত্যাগের পর কোম্পানির সাধারণ শেয়ারহোল্ডারে পরিণত হয় আইডিবি। কোম্পানির পর্ষদ সদস্য হিসেবে ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির সুযোগ না থাকলেও সাধারণ শেয়ারহোল্ডারে পরিণত হওয়ার পর আইডিবির সে বাধা দূর হয়।http://bonikbarta.net

টানা দ্বিতীয় দিনে সূচক বেড়েছে

দীর্ঘ দরপতনের পর গতকাল টানা দ্বিতীয় দিনের মতো উর্ধ্বমুখী ছিল দেশের শেয়ারবাজার। দিন শেষে অধিকাংশ সিকিউরিটিজের দর বাড়ায় সূচক বেড়েছে দুই স্টক এক্সচেঞ্জেই। লেনদেনও আগের দিনের চেয়ে বেড়েছে। বাজারসংশ্লিষ্টরা জানিয়েছেন, সাম্প্রতিক দরপতনে অনেক মৌলভিত্তিসম্পন্ন শেয়ারের দর হাতের নাগালে চলে এসেছে। অনেক বিনিয়োগকারী দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় সেসব শেয়ারে ক্রয়াদেশ বাড়িয়েছেন। তবে সূচকের আচরণ সম্পর্কে এখনো আত্মবিশ্বাসী নন তাদের অনেকেই। দিন শেষে গতকাল ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স ডিএসইএক্স ৫১ দশমিক ৯৬ পয়েন্ট বা দশমিক ৯৭ শতাংশ বেড়ে দাঁড়ায় ৫ হাজার ৩৯৮ দশমিক ৭৬ পয়েন্টে। ১৩ দশমিক ১২ পয়েন্ট বা দশমিক ৬৬ শতাংশ বেড়ে ১ হাজার ৯৯৩ দশমিক ৫৫ পয়েন্টে উঠেছে স্টক এক্সচেঞ্জটির ব্লু-চিপ সূচক ডিএস ৩০। এদিকে ২ দশমিক ৮৫ পয়েন্ট বা দশমিক ২৩ শতাংশ বেড়ে ১ হাজার ২৪৫ দশমিক ৯ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসইএস। http://bonikbarta.net

স্ক্র্যাপের দরপতনে রডের দাম কমেছে টনে ৮ হাজার টাকা

বর্ষা মৌসুমে এমনিতে নির্মাণকাজ কমে যায়। এর ওপর বিশ্ববাজারে স্ক্র্যাপের বুকিং দর কমেছে অস্বাভাবিক হারে। এর প্রভাবে রি-রোলিং মিলগুলো দেশের বাজারে রডের দাম কমিয়েছে। দুই সপ্তাহের ব্যবধানে নির্মাণসামগ্রীটির দাম কমেছে টনপ্রতি ৭-৮ হাজার টাকা। তবে স্ক্র্যাপের দাম কমার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হারে দাম কমানো হয়নি বলে অভিযোগ উঠেছে। চলতি বছরের শুরুতে দেশের বাজারে রডের দাম অস্বাভাবিক হারে বেড়ে যায়। ওই সময়ে টনপ্রতি রডের দাম ১৫ থেকে ১৮ হাজার টাকা বেড়েছিল। বিশ্ববাজারে স্ক্র্যাপ ও ইস্পাত তৈরির কেমিক্যালের মূল্যবৃদ্ধির অজুহাত দেখিয়ে রি-রোলিং মিলের মালিকরা পণ্যটির দাম এক মাসের ব্যবধানে

এক-তৃতীয়াংশ বাড়িয়ে দিয়েছিলেন। ওই সময়ে দেশের শীর্ষস্থানীয় ইস্পাত পণ্য নির্মাণকারী কয়েকটি কোম্পানির বিরুদ্ধে প্রয়োজনের চেয়ে বেশি দাম বাড়ানোর অভিযোগ ওঠে। সরকারের একাধিক মন্ত্রী ইস্পাত পণ্যের দাম হঠাৎ বৃদ্ধির বিষয়ে প্রকাশ্যে মন্তব্য করেন। http://bonikbarta.net

নাফটা নয় দ্বিপক্ষীয় চুক্তি চান ট্রাম্প অনীহা কানাডা ও মেক্সিকোর

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দুই দশকের বেশি সময় ধরে টিকে থাকা ত্রিদেশীয় নর্থ আমেরিকান ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (নাফটা) বাতিল করে দিয়ে কানাডা ও মেক্সিকোর সঙ্গে আলাদা বাণিজ্য চুক্তি করতে আগ্রহী। তবে দেশ দুটি এ ব্যাপারে দ্বিমত পোষণ করার পাশাপাশি মার্কিন পণ্যের ওপর পাল্টা শুল্কও আরোপ করেছে। খবর এএফপি। মঙ্গলবার হোয়াইট হাউজের এক কর্মকর্তা জানান, ট্রাম্প এরই মধ্যে দ্বিপক্ষীয় চুক্তির বিষয়টি অটোয়াকে জানিয়েছেন। ট্রাম্পের অর্থনৈতিক উপদেষ্টা ল্যারি কুডলো ফক্স নিউজকে ট্রাম্পের মনোভাব সম্পর্কে বলেন, তিনি দ্বিপক্ষীয় সমঝোতা পছন্দ করেন এবং দুটি ভিন্ন দেশের সঙ্গে আলাপ করছেন।http://bonikbarta.net

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে প্রণোদনা দিচ্ছে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো

তেলের মূল্যবৃদ্ধির কারণে দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রায় সব দেশই মূল্যস্ফীতি বৃদ্ধির হুমকির মধ্যে রয়েছে। মূল্যস্ফীতি বৃদ্ধির ফলে এ অঞ্চলের যেসব দেশের সামনে নির্বাচন রয়েছে, সেখানকার সরকার ভোট হারানোর আশঙ্কা করছে। আর বাকিরা ধারণা করছে, পণ্যদ্রব্যের দাম বাড়লে সাধারণ মানুষ ব্যয় করতে পিছপা হবে। এ অবস্থায় পণ্যের মূল্যবৃদ্ধিতে কোণঠাসা ক্রেতাদের কিছুটা স্বস্তি দিতে জ্বালানিতে ভর্তুকি ও কর প্রণোদনার মতো নানা উদ্যোগ গ্রহণ করছে এসব দেশের সরকার। খবর ব্লুমবার্গ। যুক্তরাষ্ট্রে সুদের হার বৃদ্ধির পর মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ এবং মুদ্রাবাজারে স্থিতিশীলতা ধরে রাখতে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও ফিলিপাইন এরই মধ্যে সুদের হার বাড়িয়েছে। কিন্তু সম্প্রতি তেলের দাম বেড়ে যাওয়ায় এসব দেশে মূল্যস্ফীতি নিয়ে উদ্বেগ কমেনি। http://bonikbarta.net

পাইকারিতে স্থিতিশীল হলেও নিয়ন্ত্রণহীন খুচরা বাজার

নারায়ণগঞ্জের সবচেয়ে বড় পাইকারি বাজার নিতাইগঞ্জ। এখান থেকে পুরো নারায়ণগঞ্জসহ ঢাকায়ও বিভিন্ন ধরনের ভোগ্যপণ্য সরবরাহ করা হয়। রোজার শুরু থেকে নিতাইগঞ্জ পাইকারি বাজারে মসলার দাম তুলনামূলক স্থিতিশীল ছিল। ঈদের আগেও পাইকারি বাজারে বেশির ভাগ মসলার দামে স্থিতিশীলতা বজায় রয়েছে। তবে নগরীর খুচরা বাজারে বাড়তি দামে বিক্রি হচ্ছে বেশির ভাগ মসলা। পাইকারির তুলনায় বাড়তি দামে মসলা বিক্রির কারণ হিসেবে বাড়তি চাহিদাকে চিহ্নিত করেছেন স্থানীয় খুচরা ব্যবসায়ীরা। তবে ঈদের আগে চাহিদা বাড়লেও সরবরাহ স্বাভাবিক থাকায় মসলাপণ্যের দাম বাড়ানোকে খুচরা ব্যবসায়ীদের সম্মিলিত যোগসাজশ বলে মনে করছেন ক্রেতাসহ অনেকেই।http://bonikbarta.net